

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৭/২০১৬

অভিযোগকারী : জনাব পাপিয়া আক্তার
পিতা-আব্দুল খালেক
গ্রাম-ধারালিয়া
ডাকঘর-সলিয়াবাকপুর
থানা-বানারীপাড়া
জেলা-বরিশাল।

প্রতিপক্ষ : ডা: এস,এম, সিরাজুল ইসলাম
পরিচালক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল
বরিশাল।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব পাপিয়া আক্তার ১৫-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- বরিশাল মডেল ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিকে রেকর্ড কিপার পদ থেকে মোঃ ইউনুস কে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিম্ন সহকারী পদে পদবী পরিবর্তন করে যে আদেশ দিয়েছেন এবং শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের এম.এল.এস.এস পদ থেকে মোঃ শওকতকে পদবী পরিবর্তন করে টেলিফোন অপারেটর পদে যে কার্যাদেশ দিয়েছেন এবং সেই কথিত টেলিফোন অপারেটরকে দিয়া নিম্নমান সহকারী পদে কাজ করার আদেশ দিয়া এখতিয়ার বহির্ভূত কাজ করিয়াছেন। আপনার উক্ত কার্যক্রম কোন আইনে সমর্থিত সেই তথ্য জানাতে অনুরোধ করিতেছি। (এ ব্যাপারে আমার ইতিপূর্বে আবেদনের কপি সংযুক্ত)

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৯-১১-২০১৫ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পাপিয়া আক্তার গরহাজির। প্রতিপক্ষ ডা: এস,এম, সিরাজুল ইসলাম, পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), শেরেবাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল গরহাজির। কিন্তু প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ০৯-০২-২০১৬ তারিখের ২০১/২০১৫ ও ২০২/২০১৫ নং অভিযোগের শুনানীকালে উল্লেখ করেন যে, তিনি নতুন যোগদান করায় তিন দিন ঢাকায় অবস্থান করলে কাজের অনেক ক্ষতি হবে বিধায় ১১-০২-২০১৬ তারিখের ০৭/২০১৬ নং অভিযোগের শুনানীতে উপস্থিত না হয়ে শুনানীতে উপস্থাপনের জন্য জবাব দাখিলের অনুমতি প্রার্থনা করেন।

০৫। কমিশন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে জবাব দাখিল করার অনুমতি প্রদান করেন এবং অভিযোগকারীকে তথ্য সরবরাহের নির্দেশনা প্রদান করলে তিনি তাতে সম্মতিজ্ঞাপন করেন।

(অ: পৃ: দ্র:)

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), শেরেবাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার